খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই এ্যাসোসিয়েশনের (কুআ) বর্তমান কার্যনির্বাহী কমিটি (২০২৩-২০২৬) দায়িত্ব গ্রহণের পর (১৪-০৭-২০২৩ খ্রিঃ) থেকেই কুআ'র লক্ষ্য ও উদ্দেশ্য পূরণের কাজে নিয়োজিত রয়েছে। গত ছয় মাসে এই কার্যনির্বাহী কমিটি খুলনা বিশ্ববিদ্যালয় অ্যালামনাইদের মধ্যে পারস্পারিক যোগাযোগ, একতা, ভ্রাতৃত্ব, সম্প্রীতি ও সহযোগিতামূলক মনোভাব প্রতিষ্ঠা করা এবং তা বজায় রাখার পাশাপাশি বিভিন্ন জনকল্যাণ এবং সমাজ সেবামূলক কাজে অংশগ্রহণ করাসহ জনজীবনে হঠাৎ সৃষ্ট বিপর্যয়কর পরিস্থিতিতে সহায়তামূলক কর্মসূচি নিয়ে কাজ করেছে। ছাত্রদের বিভিন্ন বিষয়, বিশ্ববিদ্যালয়ের সুন্দর পরিবেশ বজায় রাখা ও অ্যালামনাইদের বিশ্ববিদ্যালয়ে প্রবেশসহ বিভিন্ন বিষয়ে প্রশাসনের সাথে যোগাযোগ রক্ষা করার মতো কাজ বর্তমান কার্যনির্বাহী কমিটি গুরুত্বের সাথে পালন করছে। এই সকল সম্পাদিত কর্ম এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সমূহ অ্যালামনাইদের কাছে পৌঁছে দেবার লক্ষ্যে বর্তমান কার্যনির্বাহী কমিটি 'সাহিত্য ও প্রকাশনা' কমিটির মাধ্যমে প্রতি ছয় মাসে একটি করে নিউজ বুলেটিন প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এরই প্রেক্ষিতে আমাদের প্রথম নিউজ বুলেটিনটি আপনাদের সকলের জন্য প্রকাশনারূপে আনতে পেরেছে "সাহিত্য ও প্রকাশনা" কমিটি।

## কুআ'র নতুন কমিটির দায়িত্ব গ্রহণ




গত ১৪ জুলাই (শুক্রবার) বিকাল ৫টায় আচার্য জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবনের সাংবাদিক লিয়াকত আলী মিলনায়তনে খুবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ২০২৩-২৬ কার্যনির্বাহী পরিষদ তাদের দায়িত্ব গ্রহণ করে। বিদায়ী কার্যনির্বাহী কমিটির সভাপতি মোঃ মনিরুল ইসলাম তুহিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মাহ্মুদ হোসেন।



অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিদায়ী কমিটির সাধারণ সম্পাদক ফজলে রেজা সুমন, শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রধান নির্বাচন কমিশনার প্রফেসর ড. আবু শামীম মোহাম্মদ আরিফ এবং নির্বাচন কমিশনার প্রফেসর ড. মোস্তফা সরোয়ার। এছাড়াও বক্তব্য রাখেন প্রফেসর ড. মোঃ রেজাউল করিম, নবনির্বাচিত কমিটির সভাপতি এ জেড এম আনোয়ারুজ্জামান এবং সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রফেসর ড. ফৌজিয়া ফারজানা। অনুষ্ঠানে উপাচার্য অ্যালামনাইদের প্রতি নিজের জন্য কিছু করা ও নিজের প্রতিষ্ঠানের জন্য কিছু করার আহ্বান জানান।

## ভিসি স্যারের সাথে সৌজন্য সাক্ষাত এবং প্রথম সাধারণ সভা

কুআ'র নতুন কার্যনির্বাহী কমিটি গত ১৪ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখে দায়িত্ব গ্রহণ করে এবং পরবর্তীতে মাননীয় উপাচার্য মহাদয়ের সাথে কমিটির সদস্যবৃন্দ শহীদ তাজউদ্দিন আহমেদ প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে এক আলোচনা সভায় মিলিত হন।



মাননীয় উপাচার্যের সাথে সাক্ষাতের পরেই নতুন কার্যনির্বাহী কমিটির প্রথম সভা উক্ত সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

## নিয়মিত কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত

গঠনতন্ত্র অনুযায়ী ২ মাস অন্তর অন্তর অন্ততঃ একটি সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও কুআ'র নতুন কার্যনির্বাহী কমিটি দায়িত্ব গ্রহণ করার পর থেকে গত ছয় মাসে মোট ৪ টি সাধারণ সভা এবং একটি জরুরি সভা আয়োজন করে, যা সাংগঠনিক কার্যক্রম গতিশীল করতে ভূমিকা পালন করেছে।

## কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটির ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা অনুমোদন


কুআ কার্যনির্বাহী কমিটি দায়িত্ব গ্রহণের পর পরবর্তী তিন বছরে কি কি কর্ম সম্পাদিত হবে বিভিন্ন কমিটির মাধ্যমে, সে বিষয়ে একটি " কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটি" গঠন করা হয়। এই কমিটি বিভিন্ন সম্পাদকদের কাছ থেকে প্রাপ্ত কর্মপরিকল্পনা পর্যালোচনা করেন এবং থিমেটিক ডায়াগ্রামে পরিকল্পনা বাস্তবায়নের দিকনির্দেশনা অন্তর্ভুক্ত করে সাধারণ সভায় উপস্থাপন করেন কমিটির আহ্বায়ক মোঃ আনিসুর রহমান (সহসভাপতি)। উক্ত সাধারণ সভায় উপস্থাপিত কর্মপরিকল্পনা আলোচনার পর কিছুটা সংশোধিত আকারে অনুমোদিত হয়। (এরপর ৬ পৃষ্ঠায়)

## সামাজিক যোগাযোগ মাধ্যম নীতিমালা গঠন

বর্তমান কার্যনির্বাহী কমিটি সামাজিক যোগাযোগ মাধ্যমে অ্যালামনাই সদস্যবৃন্দের পোস্ট প্রদানের ক্ষেত্রে "সামাজিক যোগাযোগ মাধ্যম নীতিমালা" চূড়ান্ত করেছে। উক্ত নীতিমালা ইতোমধ্যে 'কুআ' ফেসবুক গ্রুপে আপলোড করা হয়েছে।

## আর্থিক সহযোগিতায় কুআ

কুআ সর্বদাই অ্যালামনাইদের পাশে থেকে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। তারও ব্যত্যয় ঘটেনি এই কমিটির দায়িত্ব গ্রহণের পর থেকে। খুলনা বিশ্ববিদ্যালয়ের বর্তমানে অধ্যয়নরত কয়েকজন শিক্ষার্থীর টার্ম রেজিস্ট্রেশন, একজনের অসুস্থতার জন্য ফান্ড সংগ্রহ এবং ১ম বর্ষে ভর্তির জন্য কয়েকজন শিক্ষার্থীকে আর্থিকভাবে সাহায্য প্রদান করে পাশে ছিলো কুআ।




**বিশেষ দ্রষ্টব্যঃ** মহিউদ্দিন রাকিব (রসায়ন '১৮ ব্যাচ) এখন দিল্লিতে ডোনার সহ অবস্থান করছে। মেট্রো হসপিটালে কিডনি প্রতিস্থাপন এর জন্য শেষ পর্যায়ের কিছু টেস্ট এর ফলাফল হাতে পাওয়ার জন্য অপেক্ষা করছে। জানুয়ারি মাসের মাঝামাঝিতে কিডনি প্রতিস্থাপন এর তারিখ পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে। আমাদের কুআ পরিবারের দোয়া ও ভালোবাসা সর্বদাই তার সাথে আছে।

## কুআ কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানসমূহ

### কুআ কফি আড্ডা @ মিরপুর

গত ১লা সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে ঢাকার মিরপুরে স্থানীয় অ্যালামনাইদের অংশগ্রহণে "কুআ কফি আড্ডা @ মিরপুর" অনুষ্ঠিত হয়। উক্ত আয়োজনে কুআ'র সভাপতি ও সাধারণ সম্পাদকসহ অনেক অ্যালামনাইবৃন্দ অংশগ্রহন করে।




### খুবিতে কুআ'র গেট টুগেদার এবং সদস্য সংগ্রহ কার্যক্রম

কুআ বিভিন্ন সময় বিভিন্ন শহরে অ্যালামনাইদের সঙ্গে যোগাযোগ বৃদ্ধি এবং বর্তমান কমিটির কার্যক্রম গতিশীল করতে ছোট এবং বড় পরিসরে মতবিনিময় সভা এবং সদস্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করছে। এরই ধারাবাহিকতায় গত ১৫ই অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখে খুলনা বিশ্ববিদ্যালয়ে গেট টুগেদার, সদস্য সংগ্রহ এবং সাংস্কৃতিক প্রোগ্রামের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের সংগঠন ভৈরবী, কৃষ্টি এবং অ্যালামনাইয়ের নাচ, গান ও আবৃত্তি পরিবেশনা অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলে।






### সদস্য সংগ্রহ কার্যক্রম

কুআ দেশের প্রতিটা শহরে সদস্য সংগ্রহ কার্যক্রম শুরু করেছে যা এখনো চলমান।



## ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট (মৎস্য অধিদপ্তর অংশ)

**Climate Smart Agriculture and Water Management Project (DoF-Part)**

- বাস্তবায়নকারী মন্ত্রণালয়: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- বাস্তবায়নকারী সংস্থা: মৎস্য অধিদপ্তর
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদ: ১ অক্টোবর ২০২১ হতে ৩০ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত
- প্রকল্প এলাকা: দেশের ১৮টি জেলার ২৯টি উপজেলায় বাংলাদেশ পানি উন্নয়নবোর্ড কর্তৃক উন্নয়নকৃত ১৯টি সাবপ্রজেক্ট/পোল্ডার এলাকা।

**প্রকল্পের উদ্দেশ্য**

ক্লাইমেট স্মার্ট মৎস্যচাষ প্রযুক্তি প্রবর্তনের মাধ্যমে মাছের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ; ব্যবসাবান্ধব সাপ্লাইচেইন এবং বাজার নেটওয়ার্ক প্রসারের মাধ্যমে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের বাজারে প্রবেশাধিকার বৃদ্ধি এবং স্টেকহোল্ডারদের জীবিকায়নের মানোন্নয়নসহ টেকসই মৎস্যসম্পদ ব্যবস্থাপনায় সক্ষমতা বৃদ্ধি।

**প্রকল্পের সুফলভোগী**

নির্ধারিত সাবপ্রজেক্ট/পোলডার এলাকার গঠিত পানি ব্যবস্থাপনা সংগঠন।





মৎস্য অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

## বৃক্ষরোপণ কর্মসূচি

খুলনা বিশ্ববিদ্যালয় কাম্পাসে কুআ গত ১৫ই অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখে বর্তমান ক্যাফেটেরিয়ার পাশে বৃক্ষরোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেছে।



## খুলনা বিশ্ববিদ্যালয় দিবস ২০২৩ উৎযাপন




কুআ'র উদ্যোগে খুলনা বিশ্ববিদ্যালয় দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষে ঢাকায় এবং খুলনা বিশ্ববিদ্যালয় কাম্পাসে কেক কেটে দিনটি উৎযাপন করা হয়। কুআ'র সভাপতি এ জেড এম আনোয়ারুজ্জামানসহ ঢাকায় অবস্থানরত অ্যালামনাইবৃন্দ মোহাম্মাদপুরে একত্রিত হন এবং খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মাননীয় উপাচার্য প্রফেসর ড. মাহ্‌মুদ হোসেন, উপ- উপাচার্য প্রফেসর ড. মোসাম্মাৎ হোসনে আরাসহ রেজিস্ট্রার, ট্রেজারার এবং খুলনাতে অবস্থানরত অ্যালামনাইবৃন্দ একত্রিত হন দিনটি উৎযাপন করতে। এ সময় মাননীয় উপাচার্য বলেন, কুআ'র সাফল্য মানে বিশ্ববিদ্যালয়ের সাফল্য। বাংলাদেশের অনেক গুরুত্বপূর্ণ জায়গায় আমাদের



গ্রাজুয়েটেরা দায়িত্ব পালন করছেন, এজন্য আমরা গর্ববোধ করি। এছাড়াও তিনি দেশে এবং দেশের বাইরে অবস্থানরত গ্রাজুয়েটদের বিভিন্ন অর্জনের ভূয়সী প্রশংসা করে বলেন, কুআ এভাবেই এগিয়ে যাক এটাই আমাদের সকলের চাওয়া।

## আসন্ন প্রোগ্রামসমূহ

### কুআ আন্তঃডিসিপ্লিন ফুটবল টুর্নামেন্ট





আগামী ৯ এবং ১০ই ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ তারিখে Chef's Table Court-side Playground, মাদানি এভেনিউতে কুআ আন্তঃডিসিপ্লিন ফুটবল টুর্নামেন্ট আয়োজন করা হয়েছে। আগ্রহী অ্যালামনাইদের সংশ্লিষ্ট কমিটির সাথে যোগাযোগের অনুরোধ করা হচ্ছে।

### পিকনিক -২০২৩



কুআ 'পিকনিক ২০২৩' আয়োজনের চূড়ান্ত সিদ্ধান্ত পিকনিক আয়োজক কমিটি গ্রহণ করেছে। আগামী ১লা মার্চ ২০২৪ খ্রিঃ তারিখ ফর্টিস ডাউনটাউন রিসোর্ট, বড় বেরাইদ, বাড্ডা, ঢাকাতে উক্ত পিকনিক অনুষ্ঠিত হবে। আগ্রহীদের সংশ্লিষ্ট কমিটির সাথে যোগাযোগের অনুরোধ করা হচ্ছে।




**খুলনা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন প্রাক্তন ছাত্রের উদ্যোগে**
**ঢাকায় আবাসন প্রকল্পে স্বল্পমূল্যে**
**ফ্ল্যাটের মালিক হওয়ার সুযোগ**

সবুজ শ্যামল প্রাকৃতিক ও মনোমুগ্ধকর পরিবেশে। যৌথ মালিকানায় এবং কিস্তি সুবিধায় এ প্রজেক্টটির উদ্যোগ নেয়া হয়েছে। প্রকল্পটি মোহাম্মদপুর থেকে মাত্র ১০ মিনিটের দূরত্বে।

**প্রজেক্টের তথ্যাদি :**
- ☐ দক্ষিণমুখী ও উত্তরমুখী প্লট (সামনে পিছনে রাস্তা)
- ☐ বিল্ডিং-B+ G+9
- ☐ প্রতি ফ্লোরে ৫ টি করে ইউনিট
- ☐ ফ্ল্যাট সাইজ = ১৪২৭ বর্গ ফুট (Approx.)
- ☐ রাস্তা - প্লটের সামনে দক্ষিণ দিকে ৪০ ফিট এভিনিউ রোড এবং উত্তর দিকে ২৫ ফিট রোড।
- ☐ জমির পরিমাণ = ৯.৯১ কাঠা (১৬.৫২ শতাংশ)।

**মডেল টাউন এর সুবিধাসমূহ :**
- ☐ কমিউনিটি স্পেস
- ☐ জীম
- ☐ প্রেয়ার রুম
- ☐ ৪০ ফিট প্রশস্ত রাস্তা
- ☐ প্রজেক্ট সংলগ্ন শিশুপার্ক ও ফুড কোর্ট
- ☐ সুইমিংপুল

**ফ্ল্যাটের বিস্তারিত :**
- ☐ ৩ বেড
- ☐ ডাইনিং
- ☐ ৩ বাথ
- ☐ কিচেন
- ☐ ২ বারান্দা
- ☐ ২টি প্যাসেঞ্জার লিফট
- ☐ ড্রয়িং
- ☐ পার্কিং

**প্রজেক্ট লোকেশনঃ**
আটি মডেল টাউন, আটি বাজার, কেরানীগঞ্জ, ঢাকা।

**বিস্তারিত জানতে যোগাযোগ করুন:**
০১৬২৬-৮০৭৫০৫,০১৭১২২৫১৮২৫, ০১৮২২-৮০০০৩৪

প্রজেক্ট ভিজিট করার জন্য সাদরে আমন্ত্রণ জানাচ্ছি।

## সাফল্যের ইতিকথা

### খুলনা বিশ্ববিদ্যালয় অ্যালামনাইদের জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে উল্লেখযোগ্য অর্জনসমূহঃ

কুআ অ্যালামনাইদের দেশে এবং দেশের বাইরে বিভিন্ন অর্জনে অনেক গর্বিত। কুআ'র সেই সকল অ্যালামনাইদের বিভিন্ন অর্জনে কুআ কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে জানাই প্রাণঢালা অভিনন্দন। উল্লেখ্য যে, আমরা একটি গুগল ফর্মের মাধ্যমে আমাদের অ্যালামনাইদের অর্জনসমূহ সংগ্রহের উদ্যোগ গ্রহণ করি। কিন্তু পর্যাপ্ত সাড়া না পাওয়ায় কুআ'র ফেইসবুক গ্রুপ থেকে যে তথ্যসমূহ পেয়েছি তাই এখানে প্রকাশ করা হয়েছে। অনিচ্ছাকৃত ভাবে কারো অর্জন এখানে লিপিবদ্ধ না হয়ে থাকলে আমরা আন্তরিকভাবে দুঃখিত এবং আমাদের এই কমিটিকে অপ্রকাশিত 'অর্জনের' তথ্য দিলে পরবর্তী বুলেটিনে উক্ত অর্জনসমূহ প্রকাশ হবে।

### প্রথমবারের মতো মানুষের শ্বাসনালীতে প্লাস্টিকের ক্ষুদ্রাতিক্ষুদ্র কণা মাইক্রোপ্লাস্টিক শনাক্তকরণ



অস্ট্রেলিয়ায় বসবাসরত বাংলাদেশি বিজ্ঞানী ড. সাইদুল ইসলাম (গণিত '০৫ ব্যাচ) ও তার সহযোগী গবেষক দল প্রথমবারের মতো মানুষের শ্বাসনালীতে প্লাস্টিকের ক্ষুদ্রাতিক্ষুদ্র কণা-মাইক্রোপ্লাস্টিক শনাক্ত করেন। গত ১৩ই জুন, ২০২৩ খ্রিঃ তারিখে আমেরিকান ইনস্টিটিউট অব ফিজিক্স পাবলিকেশনের Physics of Fluids জার্নালে প্রকাশিত একটি নিবন্ধে অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনির মেকানিক্যাল অ্যান্ড মেকাট্রনিক্সের প্রভাষক ড. সাইদুল ইসলাম মানুষের শ্বাসনালীতে মাইক্রোপ্লাস্টিক পরিবহন এবং জমা বিশ্লেষণ করে একটি কম্পিউটেশনাল ফ্লুয়িড ডাইনামিক মডেল তৈরি করেছেন। তার এ গবেষণা মাইক্রোপ্লাস্টিক গবেষকদের জন্য নতুন দিগন্তের সূচনা করবে।

### মাইক্রোসফটের গ্লোবাল টেকনিক্যাল সাপোর্ট টিমে যোগদান



গত ২৪শে জুলাই,২০২৩ খ্রিঃ তারিখে খুলনা বিশ্ববিদ্যালয়ের ইসিই ডিসিপ্লিনের ৬ জন ও সিএসই ডিসিপ্লিনের একজন মিলে মোট ৭ জন গ্রাজুয়েট মাইক্রোসফটের গ্লোবাল টেকনিক্যাল সাপোর্ট টিমে 'টেকনিক্যাল সাপোর্ট ইঞ্জিনিয়ার' পদে চায়নার সাংহাইতে যোগদান করেছেন। এই ৭ জন হলেন ইসিই ডিসিপ্লিন থেকে মোঃ শাফিউল উমাম ('১২ ব্যাচ), সাজিদ হুসাইন ('১২ ব্যাচ), জাকারিয়া হোসাইন ('১৩ ব্যাচ), মোঃ নিয়াজ মাকদুম ('১৪ ব্যাচ), মোঃ শফিকুল আলম তুষার ('১৪ ব্যাচ), খালেদুল হক দীপ ('১৫ ব্যাচ) এবং সিএসই ডিসিপ্লিন থেকে রাকিবুল ইসলাম মিলন ('১২ ব্যাচ)।

### বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক-২০২৩



গত ২৪শে জুলাই ২০২৩ খ্রিঃ তারিখে জামাল হোসেন (এটি '০৮ ব্যাচ) 'বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক-২০২৩' পেয়েছেন। বর্তমানে তিনি উপজেলা কৃষি অফিসার হিসেবে শরীয়তপুরের জাজিরায় কর্মরত আছেন।

### জাতীয় মৎস্য পদক-২০২৩



গত ২৫শে জুলাই ২০২৩ খ্রিঃ তারিখে মোল্লা এমদাদুল্যাহ (এফএমআরটি'৯৪ ব্যাচ) 'জাতীয় মৎস্য পদক-২০২৩' পেয়েছেন। বর্তমানে তিনি জেলা মৎস্য অফিসার হিসেবে ভোলায় কর্মরত আছেন।

### জাতীয় শুদ্ধাচার পুরস্কার - ২০২৩



গত ২৪শে জুলাই ২০২৩ খ্রিঃ তারিখে কাওয়ালিন নাহার আলভী (ইএস'০৩ ব্যাচ) 'জাতীয় শুদ্ধাচার পুরস্কার – ২০২৩' পেয়েছেন। বর্তমানে জেলা সুপার হিসেবে নাটোর জেলা কারাগারে কর্মরত আছেন।

### আইজিপির শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ অর্জন



সাতক্ষীরা জেলার অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মো: সজীব খান (ফার্মেসি ডিসিপ্লিন '০১ ব্যাচ) ভাল কাজের স্বীকৃতি স্বরূপ আইজিপির 'শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২' লাভ করার গৌরব



অর্জন করেছেন। গত ১৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখে পুলিশ হেড কোয়ার্টার্সের কনফারেন্স কক্ষে আনুষ্ঠানিকভাবে সজীব খানের হাতে এ পুরস্কার তুলে দেয়া হয়।

### লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড



ড. চঞ্চল রায় (সিএসই '৯৪ ব্যাচ), কম্পিউটার সায়েন্স বিভাগের অধ্যাপক (University of Saskatchewan) কে ১লা অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখে কলম্বিয়ার বোগোটায় সফ্টওয়্যার ক্লোনের উপর ১৭ তম আন্তর্জাতিক কর্মশালায় 'ক্লোনস লাইফটাইম অ্যাচিভমেন্ট' অ্যাওয়ার্ড প্রদান করা হয়। তিনি সফ্টওয়্যার ক্লোন সনাক্তকরণ এবং পরিচালনার বিষয়ে তার গবেষণার জন্য এই এওয়ার্ড প্রাপ্ত হয়েছেন।

### ব্যাংক ইন্টারন্যাশনাল আর্কিটেকচার এওয়ার্ড -২০২৩



গত ১লা নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে আসিফ মো. আহসানুল হক (আর্কিটেকচার'৯৫ ব্যাচ) "The best-implemented project in the field of architecture of residential buildings" ক্ষেত্রে ব্যাংক ইন্টারন্যাশনাল আর্কিটেকচার এওয়ার্ড -২০২৩' পেয়েছেন।

### আগামী দুই বছরের জন্য কমনওয়েলথ অ্যাসোসিয়েশন অব প্ল্যানার্স (CAP) এর ট্রাস্টি বোর্ডের সদস্য নির্বাচিত



গত ১০ই নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে CAP-এর ট্রাস্টি বোর্ড এর সাধারণ পরিষদের বৈঠক মালয়েশিয়ার পুত্রজায়াতে অনুষ্ঠিত হয়। এই বৈঠকে CAP এর ট্রাস্টি বোর্ডের একজন সদস্য হিসেবে ফজলে রেজা সুমন (ইউআরপি '৯৩ ব্যাচ) আগামী দুই বছরের জন্য (২০২৪-২৫) নির্বাচিত হয়েছেন।

### নোভেল ব্যাকটেরিয়া আবিষ্কার



টোকিও উপসাগরের নিকটবর্তী আরাকাওয়া নদীর তলদেশের মাটিতে একটি নোভেল ব্যাকটেরিয়ার সন্ধান পেয়েছেন এফ.এম.আর.টি. ডিসিপ্লিনের '০৬ ব্যাচের সাবেক শিক্ষার্থী এবং একই ডিসিপ্লিনের সহযোগী অধ্যাপক ড. শেখ তারেক আরাফাত (শাওন)। তিনি এবং তার গবেষণা দল প্রথম এই ব্যাক্টেরিয়ার নামকরণ ও বিভিন্ন বৈশিষ্ট নির্ধারণ করেছেন। তিনি *Sinisalibacter* গোত্রের এই ব্যাকটেরিয়াটির নাম প্রস্তাব করেছেন *Sinisalibacter aestuarii* । কোনো ব্যাকটেরিয়াকে নোভেল ব্যাকটেরিয়া হিসেবে আবিষ্কারের স্বীকৃতি পেতে হলে একমাত্র Microbiology Society এর আন্তর্জাতিক জার্নাল International Journal of Systematic and Evolutionary Microbiology থেকেই সেটি প্রকাশিত হতে হয় এবং তার গবেষণালব্ধ ফলাফল উক্ত জার্নালে প্রকাশিত হয়েছে আগস্ট ২০২৩ এ।

### বিশ্বের শীর্ষ দুই শতাংশ বিজ্ঞানীর তালিকায় খুবির শিক্ষক





Elsevier and Stanford University, USA পরিচালিত একটি সাম্প্রতিক সমীক্ষা দ্বারা (১লা অক্টোবর ২০২৩ খ্রিঃ পর্যন্ত আপডেট করা তথ্যের ভিত্তিতে) বিশ্বের শীর্ষ দুই শতাংশ বিজ্ঞানীর তালিকায় খুবির শিক্ষকদের মধ্যে আছেন প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম এবং প্রফেসর ড. শেখ জামাল উদ্দিন। ড. মোঃ নজরুল ইসলাম বর্তমানে খুলনা বিশ্ববিদ্যালয়ের ফরেস্ট্রি অ্যান্ড উড টেকনোলজি ডিসিপ্লিনে (ফউটে'৯৫ ব্যাচ) অধ্যাপক হিসেবে কর্মরত রয়েছেন। বর্তমানে তিনি জলবায়ু পরিবর্তন, সুন্দরবন, বনজ সম্পদের সঠিক ব্যবহার ও উদ্যোক্তা বিষয়ে চলমান বিভিন্ন প্রকল্পে কাজ করছেন। অন্যদিকে ড. শেখ জামাল উদ্দিন খুলনা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি ডিসিপ্লিনের (ফার্মেসি'৯৯ ব্যাচ) অধ্যাপক হিসেবে কর্মরত রয়েছেন। তিনি মাইস মডেলে বিভিন্ন ওষুধি উদ্ভিদের নির্যাসের থেরাপিউটিক সম্ভাবনার মূল্যায়ন করার জন্য বেশ কয়েকটি ফার্মাকোলজিকাল পদ্ধতি তৈরি করেছেন এবং বিভিন্ন জৈবিক বৈশিষ্ট্যসহ বেশ কয়েকটি বায়ো-অ্যাকটিভ নভেল কম্পাউন্ড আবিষ্কার করেছেন।

**খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই এ্যাসোসিয়েশন (কুআ)'র কার্যনির্বাহী কমিটি কর্তৃক প্রকাশিত নিউজ বুলেটিনঃ জুলাই-ডিসেম্বর ২০২৩ এর সফলতা কামনা করছি।**

খুলনা বিশ্ববিদ্যালয়ের সকল অ্যালামনাইদের কুআ ওয়েবপেজে (https://kuaa.org.bd/) গিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করার এবং প্রয়োজনীয় ফি প্রদানের জন্য বিশেষ অনুরোধ জানাচ্ছি।

**ড. মোঃ আসাদুজ্জামান মানিক (এফএমআরটি'৯৫ ব্যাচ)**

**সভাপতি, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, খুলনা**

## সিইও ইনসাইট্‌স এশিয়া ম্যাগাজিনের স্বীকৃতি অর্জন



সিইও ইনসাইট্‌স এশিয়া ম্যাগাজিনে (নভেম্বর সংখ্যায়) সম্প্রতি Kaymonto & Partners এর প্রতিষ্ঠাতা এবং সিইও খুরশিদ আলমেহ্বের (আর্কিটেকচার '৯২ ব্যাচ) একজন পেশাদার ও দক্ষ লিডার হিসাবে মনোনীত হয়েছেন। ম্যাগাজিনটি তার সাক্ষাৎকার ছাপানোর পাশাপাশি তার সম্পর্কে লিখেছেঃ খুরশিদ আলমেহ্বের জ্ঞান, নম্রতা, সহানুভূতি, উদ্যোক্তা মনোভাব এবং সততার অনন্য সমন্বয় এবং এই গুণ গুলোই তাকে ব্যবসায়িক জগতে সত্যিই একজন ব্যতিক্রমী নেতা করে তুলেছে। তার নেতৃত্ব Kaymonto & Partners কে নতুন উচ্চতায় নিয়ে গেছে যা শিল্পের উপর স্থায়ী প্রভাব ফেলছে এবং তার চারপাশের লোকদের অনুপ্রাণিত করছে।

## অভিনন্দন

কুআ কার্যনির্বাহী কমিটি সকল অ্যালামনাই যারা সদ্য পদোন্নতি/নূতন যোগ্য পদে দায়িত্ব পেয়েছেন তাদেরকে অভিনন্দন জানাচ্ছে। আমরা বিশ্বাস করি আপনার যোগ্যতা, কঠোর পরিশ্রম, উৎসর্গ ও অধ্যবসায়ই এই পদোন্নতি/নূতন দায়িত্বের চাবিকাঠি যা আমাদের মাতৃভূমিকে গড়ে তুলতে সাহায্য করবে। এই নতুন অবস্থানে আপনার অর্জনসমূহ দেখার জন্য আমরা আগ্রহের সাথে অপেক্ষা করছি। আমরা সাকলের সুস্বাস্থ্য ও সুখী জীবন কামনা করছি।

## ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা ২০২৩-২৬

সংক্ষিপ্ত আকারে কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটির ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা নিম্নরূপঃ

| Thematic Areas | Detail Activities |
|---|---|
| অফিস ব্যবস্থাপনা | খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কুআ অফিসে অফিস সরঞ্জাম রক্ষণাবেক্ষণ |
| | ঢাকায় একটি অফিসের ব্যবস্থা করা |
| জনসংযোগ | প্রত্যেক ডিসিপ্লিনের অ্যালামনাইদের সাথে মিটিং |
| | সমস্ত বিভাগীয় এবং প্রধান শহরগুলিতে কুআ গ্র্যাজুয়েটদের সাথে মিটিং |
| | খুলনা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন সংগঠনের সঙ্গে মিটিং |
| সাহিত্য ও প্রকাশনা | ছয় মাসে একটি করে কুআ নিউজ বুলেটিন প্রকাশনা (ডিজিটাল এবং প্রিন্ট সংস্করণ) |
| | পুনর্মিলনী প্রকাশনা |
| | গবেষণা সেল প্রতিষ্ঠা |
| ক্রীড়া ও সাংস্কৃতিক | ফুটবল/ক্রিকেট টুর্নামেন্ট |
| | বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন (২৫ নভেম্বর) |
| নারী বিষয়ক | কুআ'র নারী অ্যালামনাই এবং বর্তমান ছাত্রীদের নিয়ে কর্মশালার আয়োজন |
| | খুলনা বিশ্ববিদ্যালয়ে জেন্ডার অভিযোগ সেল গঠন |
| ছাত্র বিষয়ক | মেন্টরশিপ কর্মশালার আয়োজন |
| | ক্যারিয়ার সার্ভিস ওয়ার্কশপের আয়োজন |
| | স্টুডেন্ট নেতৃত্ব উন্নয়ন |
| | চাকরি মেলার ব্যবস্থা গ্রহণ |
| তথ্য ও প্রযুক্তি | কুআ ওয়েবসাইট আপডেট করন |
| | কুআ'র ইউটিউব চ্যানেল তৈরি |
| | কুআ সদস্যদের ডাটাবেজের আপডেট |
| | সিভি ব্যাঙ্ক ডেভেলপমেন্ট এবং অনলাইন কোর্স |
| | হোস্টিং এর জন্য সহায়তা প্রদান |
| | কুআ মোবাইল অ্যাপস ডেভেলপ করন |
| | কুআ কার্যনির্বাহী সদস্যদের জন্য অফিসিয়াল ই-মেইল আইডি তৈরি করন (প্রযোজ্য হিসাবে) |
| সমাজ কল্যাণ | ইফতার পার্টি/ঈদ-পূজা পুনর্মিলনীর আয়োজন |
| | ক্যাম্পাসে বৃক্ষরোপণ |
| | খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে লিগ্যাল সেল প্রতিষ্ঠা (এই সেলটি নারী বিষয়ক সমস্যাগুলি উচ্চ অগ্রাধিকার দিয়ে নিশ্চিত করবে) |
| | বর্তমান স্টুডেন্ট এবং অ্যালামনাই কাউন্সেলিং টিম গঠন |
| সাধারণ প্রশাসন ও অর্থ | সমাজসেবা অধিদপ্তরের সাথে কুআ নিবন্ধনের জন্য উদ্যোগ গ্রহণ |
| | **নিম্নলিখিত সম্ভাব্যতা যাচাই করন**<br>• কুআ সদস্য কল্যাণ তহবিল<br>• বাংলাদেশের বিভিন্ন স্থানে কুআ চ্যাপটার গঠন<br>• ঢাকায় অফিস স্থাপন<br>• দরিদ্র ও যোগ্য শিক্ষার্থীদের জন্য বৃত্তি তহবিল তৈরি করা<br>• নারী অ্যালামনাইদের জন্য থাকার ব্যবস্থা(প্রয়োজনে) |
| | ২০২৬ সালে কুআ পুনর্মিলনের ব্যবস্থা |

দেশ বাংলা SPF হ্যাচারী

দেশ বাংলা SPF বাগদা চিংড়ি পোনা আপনার খামারে ফলাবে সাদা সোনা

১০০% ভাইরাস মুক্ত, দ্রুত বর্ধনশীল, SPF বাগদা চিংড়ি পোনা খুলনার বটিয়াঘাটায় উৎপাদন হওয়ায় অল্প সময়ের মধ্যে খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট জেলার যে কোন স্থানে চিংড়ি খামার সমূহে দ্রুত পৌছানো সম্ভব, যে কারণে পরিবহনকালে দেশ বাংলার পোনা দুর্বল হয়ে পড়ে না। অন্য যে কোন বাগদা চিংড়ির পোনা থেকে দেশ বাংলার SPF বাগদা চিংড়ির পোনার বাঁচার হার অনেক বেশী। ভোর ৫টার মধ্যে আপনার খামারে দেশ বাংলার SPF পোনা পৌছানো সম্ভব। সূর্যের তাপে খামারের পানির তাপমাত্রা বৃদ্ধির সাথে দেশ বাংলার পোনা নিজেকে খাপ খায়িয়ে নিতে পারে।

ছোট নার্সারীতে প্রথমে পোনা ছাড়ুন/মজুদ করুন। প্রতিদিন ২ বার ভাল মানের নার্সারী খাবার ব্যবহার করুন। ১৫ দিন পর নার্সারী থেকে পোনা খোলা জায়গায় ছেড়ে দিন।

যোগাযোগ :
**হেড অফিস:** ৩১, গগন বাবু রোড, খুলনা-৯১০০ ; মোবাঃ ০১৭১৪-০৮৩৮৩৮, ০১৯০৭-০৮০০০২
**হ্যাচারী:** গোপালখালী, বটিয়াঘাটা, খুলনা ; মোবাঃ ০১৭০৭-৩০১৯৭৩

**২০২৩-২০২৬ কুআ'র কার্যনির্বাহী কমিটিঃ**

বর্তমান কুআ কার্যনির্বাহী কমিটি (২০২৩-২০২৬) যারা একসাথে কুআ'কে এগিয়ে নিতে কাজ করার লক্ষ্যে দায়িত্ব গ্রহণ করেছেন ১৪-০৭-২০২৩ তারিখে, তারা হলেনঃ

| ক্রম. | পদবী | নাম |
|---|---|---|
| ০১ | সভাপতি | এ, জেড, এম আনোয়ারুজ্জামান |
| ০২ | সহ-সভাপতি (১) | খোঃ মাযহাবউদ্দীন পল্লব |
| ০৩ | সহ-সভাপতি (২) | ড. মো. শফিক-উর রহমান |
| ০৪ | সহ-সভাপতি (৩) | মোঃ তানভীর হাসান |
| ০৫ | সহ-সভাপতি (৪) | মোঃ আনিসুর রহমান |
| ০৬ | সহ-সভাপতি (৫) | হোসনে আরা পপি |
| ০৭ | সাধারণ সম্পাদক | মোঃ আকতার হোসেন |
| ০৮ | যুগ্ম সম্পাদক (১) | শায়কা ইমাম শান্তা |
| ০৯ | যুগ্ম সম্পাদক (২) | মোঃ মুজাহিদুল ইসলাম |
| ১০ | সাংগঠনিক সম্পাদক (১) | মোঃ তাকদিউর রহমান মুকুট |
| ১১ | সাংগঠনিক সম্পাদক (২) | মোঃ শফিকুল আলম (সুজন) |
| ১২ | সাংগঠনিক সম্পাদক (৩) | মোঃ মতিউর রহমান (মতিন) |
| ১৩ | কোষাধ্যক্ষ | মোহম্মদ ইকবাল কবির বিপুল |
| ১৪ | অফিস ব্যবস্থাপনা সম্পাদক | মোঃ রাশেদুল ইসলাম |
| ১৫ | অফিস ব্যবস্থাপনা সহ-সম্পাদক (শিক্ষক কোটা) | ড. সঞ্জয় কুমার চন্দ |
| ১৬ | জনসংযোগ সম্পাদক | ড. মোঃ আজিজুল হাসান |
| ১৭ | জনসংযোগ সহ-সম্পাদক | মোঃ সোহেল সারওয়ার জাহান |
| ১৮ | সাহিত্য ও প্রকাশনা সম্পাদক (শিক্ষক কোটা) | প্রফেসর ড. মুন্নুজাহান আরা (বীথি) |
| ১৯ | সাহিত্য ও প্রকাশনা সহ-সম্পাদক (শিক্ষক কোটা) | ড. শেখ তারেক আরাফাত (শাওন) |
| ২০ | ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক | মোঃ সাথীল ইসলাম (ডলার) |
| ২১ | ক্রীড়া ও সাংস্কৃতিক সহ-সম্পাদক | এ.কে.এম. হুমায়ুন কবীর দেওয়ান (স্বপন) |
| ২২ | নারী বিষয়ক সম্পাদক | আসমা হক (কান্তা) |
| ২৩ | ছাত্র বিষয়ক সম্পাদক (শিক্ষক কোটা) | প্রফেসর ড. আহসান হাবীব (শিমুল) |
| ২৪ | ছাত্র বিষয়ক সহ-সম্পাদক | মো. আব্দুল্লাহ আল মামুন |
| ২৫ | তথ্য ও প্রযুক্তি সম্পাদক | খন্দকার আজিজুর রহমান (মানিক) |
| ২৬ | তথ্য ও প্রযুক্তি সহ-সম্পাদক | মোঃ আল মাসুদ উদ্দিন (মনি) |
| ২৭ | সমাজ কল্যাণ সম্পাদক | কানিজ ফাতেমা পাপড়ি |
| ২৮ | সমাজ কল্যাণ সহ-সম্পাদক | মোঃ শহিদুল ইসলাম (শহিদ) |
| ২৯ | নির্বাহী সদস্য (প্রাক্তন কমিটির সা. সম্পাদক) | মোহাম্মদ ফজলে রেজা (সুমন) |
| ৩০ | নির্বাহী সদস্য (শিক্ষক কোটা) | ড. মোঃ নূরুন্নবী |
| ৩১ | নির্বাহী সদস্য (শিক্ষক কোটা) | ড. মোঃ নাজমুস সাদাত |
| ৩২ | নির্বাহী সদস্য (শিক্ষক কোটা) | ফাল্গুনী আক্তার |
| ৩৩ | নির্বাহী সদস্য (শিক্ষক কোটা) | ড. মাসুদুর রহমান |
| ৩৪ | নির্বাহী সদস্য (শিক্ষক কোটা) | ড. অনুপম কুমার বৈরাগী |
| ৩৫ | নির্বাহী সদস্য | ড. এ.কে.এম. আক্তারুজ্জমান বসুনিয়া |
| ৩৬ | নির্বাহী সদস্য | তৌহিদ আমানুল্লাহ |
| ৩৭ | নির্বাহী সদস্য | খন্দকার মোহাম্মদ আশরাফুল আলম (লিপন) |
| ৩৮ | নির্বাহী সদস্য | মোঃ জাকি-উল হাসান |
| ৩৯ | নির্বাহী সদস্য | মোঃ নাজমুল হুদা |
| ৪০ | নির্বাহী সদস্য | মোঃ শাহীনূর রহমান |
| ৪১ | নির্বাহী সদস্য | এম.এম. আরাফাত হোসেন |
| ৪২ | নির্বাহী সদস্য | কবরী বিশ্বাস অপু |
| ৪৩ | নির্বাহী সদস্য | হাসান জামিল জেনিথ |
| ৪৪ | নির্বাহী সদস্য | ড. মোঃ নাজমুল হাসান |
| ৪৫ | নির্বাহী সদস্য | মোঃ জাহঙ্গীর আলম |
| ৪৬ | নির্বাহী সদস্য | মুহম্মদ শামীম কিবরিয়া |
| ৪৭ | নির্বাহী সদস্য | মাহামুদুল হাসান (মিল্লাত) |
| ৪৮ | নির্বাহী সদস্য | মুহাম্মদ মোবারক হোসেন (উজ্জ্বল) |
| ৪৯ | নির্বাহী সদস্য | রাশেদুল আলম সরকার (রাশেদ) |
| ৫০ | নির্বাহী সদস্য | মোঃ সারোয়ার জাহান |
| ৫১ | নির্বাহী সদস্য | বিশ্বজিৎ রায় |

**BANGLADESH FROZEN FOODS EXPORTERS ASSOCIATION**

Skylark Point (10th Floor), 24/A, Bijoynagar, North South Road, Dhaka-1000, Bangladesh
Tele: 880-2-48316882, 58314857, 48317531 ; Mobile: 01711-487132 ; E-mail: bffea@dhaka.net, Website: www.bffea.net

Bangladesh Frozen Foods Exporters Association (BFFEA) is the only trade body for about the members of Fish processing Plants in Bangladesh. Since its inception the Association has been working to promote and protect the interest of Frozen Food processors, Packers and Exporters in the Country. It also acts as a vital link between the trade bodies and the different Government and Private Agencies. The Association is also devoted to establish and promote, contracts with foreign buyers, business association and the chamber of commerce and industries to develop export marketing of Frozen Foods. BFFEA has also been playing a vital role in advising the Government in relevant policy, quality control, packaging, marketing and developing the fishery industries of the Country.

Regional Office

**KHULNA**
'Shrimp Tower' (BFFEA Bhaban) 20, Jashore Road, Khulna-9100
Tel: 880-2-44110536, 477725638 ; E-mail: bffeakln@khulna.bangla.net

**CHATTOGRAM**
Mega Akhand (4th Floor), Flat # 4-A & B House # 103/115,
CDA Avenue Forest Gate, Muradpur, Chattogram.
Tel: 880-2-334450580, 334450581 ; E-mail: bffeactg@gmail.com

## অনুপ্রেরণার গল্প

**খুলনা বিশ্ববিদ্যালয় থেকে বন অধিদপ্তরের প্রধান**

২৬শে নভেম্বর ১৯৭৪ সালে যুদ্ধ বিধ্বস্ত এই স্বাধীন বাংলাদেশে ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার সুন্দরপুর গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ফুটফুটে এক শিশুর জন্ম হয়। পরিবার আদর করে তার নাম রাখে রথিন। ছোট বেলা থেকেই অদম্য মেধাবী এবং দুরন্তপনায় পাল্লা দিয়ে চলতো দুষ্টুমি। স্কুল কলেজের গন্ডি পেরিয়ে ১৯৯৩ সালে ভর্তি হয় খুলনা বিশ্ববিদ্যালয়ে। কোন সাবজেক্টে পড়বে, এটা পড়ে কি হবে, এতসব চিন্তা না করেই ভর্তি হয় ফরেস্ট্রি ডিসিপ্লিনে। ভর্তি হওয়ার পর থেকেই অনেকেই জানে না এই ফরেস্ট্রি ডিসিপ্লিন পড়ে কি হবে?



আত্মীয়স্বজন বন্ধু-বান্ধব সবাইকে মোটামুটি কনভিন্স করতে হয় ফরেস্ট্রি পড়ে এই হওয়া যায় ঐ হওয়া যায় ইত্যাদি। কেননা ততদিনে ডিসিপ্লিনের চৌকস শিক্ষকমন্ডলীর কাছ থেকে ফরেস্ট্রি সম্পর্কে একটা ধারনা হয়েছে। হ্যাঁ, এতক্ষণ যাঁর কথা বলছিলাম তিনি আর কেউ নয় আমাদের খুলনা বিশ্ববিদ্যালয়ের মোঃ আমীর হোসাইন চৌধুরী, প্রধান বন সংরক্ষক, বাংলাদেশ বন অধিদপ্তর। ১৯৯৩ সালে ফরেস্ট্রি ডিসিপ্লিনে ভর্তি হয়ে সফলতার সাথে অনার্স ও মাস্টার্স শেষ করেন। শিক্ষা জীবন শেষ করে জনাব মোঃ আমীর হোসাইন চৌধুরী ২০০৩ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (বন), ২২তম ব্যাচে সহকারী বন সংরক্ষক হিসাবে তাঁর কর্মজীবন শুরু করেন। তাঁর এই বিস্তৃত কর্মজীবনে বিভিন্ন বন বিভাগ ও সার্কেলের দায়িত্ব পালন করেছেন। সহকারী বন সংরক্ষক থেকে মোঃ আমীর হোসাইন চৌধুরী, প্রধান বন সংরক্ষক হয়ে উঠার পথটা তার জন্য মোটেও সহজ ছিল না। এজন্য তাকে করতে হয়েছে কঠোর পরিশ্রম। চাকুরী জীবনে একজন সৎ, নিষ্ঠাবান ও কর্মঠ অফিসার হিসাবেই জনাব চৌধুরী পরিচিত। এখানেই আমাদের প্রিয় ক্যাম্পাসের সফলতা আজ একটি অধিদপ্তরের প্রধান কর্তা হিসাবে মোঃ আমীর হোসাইন চৌধুরী কর্মরত। তাঁর সাথে সাথে পরিচিতি বাড়ছে খুলনা বিশ্ববিদ্যালয়ের। উজ্জল হচ্ছে বিশ্ববিদ্যালয়ের মান। আমরা বিশ্বাস করি এরকম হাজারো মাঃ আমীর হোসাইন চৌধুরীর সৃষ্টি হবে এই বিশ্ববিদ্যালয় থেকে। তিনি প্রথম কুআ অ্যালামনাই যিনি সরকারী একটি অধিদপ্তরের প্রধান কর্তার পদ অলংকৃত করেছেন।

## শোক সংবাদ

গত ছয় মাসে কুআ পরিবারের যে সকল সদস্য চিরতরে আমাদেরকে ছেড়ে পৃথিবী থেকে বিদায় নিয়েছেন তাদেরকে হারিয়ে আমরা গভীরভাবে শোকাহত। তাদের বিদেহী আত্মার শান্তি কামনা এবং সেই সাথে তাদের শোক সন্তপ্ত পরিবার-পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে কুআ পরিবার।



গত ৬ নভেম্বর ২০২৩ তারিখে খুলনা বিশ্ববিদ্যালয়ের এমসিজে ১৭ ব্যাচের শিক্ষার্থী সুদীপ্ত সাহা তপু স্ট্রোকজনিত কারণে মৃত্যুবরণ করেন।



খুলনা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি ডিসিপ্লিনের ০৭ ব্যাচের আরিফ হাসান স্ট্রোকজনিত কারণে গত ০১ ডিসেম্বর ২০২৩ তারিখে মৃত্যুবরণ করেন। তিনি বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর একজন কর্মকর্তা ছিলেন।



অর্থনীতি ডিসিপ্লিনের ১৪ ব্যাচের পল্লব বসু বাপ্পি হার্ট এটাক এ গত ২০ ডিসেম্বর ২০২৩ তারিখে মৃত্যুবরণ করেন। তিনি প্রভাষক (৪০তম বিসিএস-শিক্ষা ক্যাডারে) ছিলেন এবং ৪১তম বিসিএস এ খাদ্য ক্যাডারে সুপারিশ প্রাপ্ত ছিল এবং ৪৩ তম বিসিএস এ এডমিন ক্যাডারে সুপারিশ প্রাপ্ত হন।

## সাহিত্য ও প্রকাশনা কমিটি

বর্তমান কার্যনির্বাহী কমিটির এই প্রথম প্রকাশিত নিউজ বুলেটিনটি বাস্তবে রূপ নিয়েছে যাদের মূল্যবান সময়, মেধা এবং প্রচেষ্টায় তারা হলেনঃ

| | | |
|---|---|---|
| প্রফেসর ড. মুন্নুজাহান আরা (বীথি) | সম্পাদক, সাহিত্য ও প্রকাশনা, কুআ কার্যনির্বাহী কমিটি | সম্পাদক |
| ড. শেখ তারেক আরাফাত (শাওন) | সহ-সম্পাদক, সাহিত্য ও প্রকাশনা, কুআ কার্যনির্বাহী কমিটি | সহ-সম্পাদক |
| মোঃ আনিসুর রহমান | সহ-সভাপতি, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| ড. মোঃ আজিজুল হাসান | জনসংযোগ সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| এ.কে.এম. হুমায়ুন কবীর দেওয়ান (স্বপন) | ক্রীড়া ও সাংস্কৃতিক সহ-সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| মাহামুদুল হাসান (মিল্লাত) | নির্বাহী সদস্য, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম | শিক্ষক ফউটে ডিসিপ্লিন, খু.বি | বহিঃসদস্য |

সার্বিক সহায়তা করার জন্য ধন্যবাদ সভাপতি এ জেড এম আনোয়ারুজ্জামান, সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেনসহ কার্যনির্বাহী কমিটির সকলকে। সেই সাথে মাহফুজুর রহমানকে (আর্কিটেকচার '২১ ব্যাচ) নিউজ বুলেটিনের ডিজাইন তৈরিতে সহায়তা করার জন্য এই কমিটি বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করছে।

KUAA Facebook Group | KUAA Webpage | For Membership

© Khulna University Alumni Association